# Greencrest Financial Services Limited

(Formerly known as Marigold Glass Industries Limited)
8, Ganesh Chandra Avenue, 1st Floor, "Saha Court", Kolkata - 700 013.
Phone : +91 33 2236 5426 / 1366, Fax : +91 33 2236 5520


August 13, 2025

**The Deputy Manager**
Department of Corporate Services
**BSE Limited**
P. J. Towers, Dalal Street, Fort
Mumbai – 400 001

Ref: **Scrip Code BSE – 531737**

Sub: **Newspaper advertisement pertaining to Financial Results of Q4FY25**

Respected Sir or Madam,

Pursuant to Regulation 47 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 as amended, please find enclosed copies of the newspaper advertisement pertaining to financial results of the Company for the 1st Quarter ended on 30th June 2025 for the Financial Year ended on 31st March 2026.

The advertisements were published in English and Bengali newspapers on August 13, 2025.

This information will also be hosted on the Company's website, at www.greencrestfin.com

Thanking You,

Yours Faithfully,
For **GREENCREST FINANCIAL SERVICES LIMITED**

SUSHIL
PARAKH

Digitally signed by SUSHIL PARAKH
DN: cn=SUSHIL PARAKH, c=IN, st=West Bengal, o=Personal, title=2749, serialNumber=d51d262e92edd70654abcd3c6fb0ce6aecfcb16ba32190ac0ea80ad24295dd29
Date: 2025.08.13 11:48:54 +05'30'

**SUSHIL PARAKH**
**DIN: 02596801**
**MANAGING DIRECTOR**

Enclosed: Newspaper Cuttings

# বাণিজ্যিক লক্ষ্যে সূর্যমুখী ফুল চাষের পদ্ধতি

**নিজস্ব প্রতিনিধি:** সূর্যমুখী ফুলের নাম সূর্যমুখী কারণ এই ফুলটি সূর্যর দিকে মুখ করে থাকে। সূর্যমুখী ফুলের প্রধান বৈশিষ্ট্য, এটি সূর্যর আলোকে অনুসরণ করে, অর্থাৎ সূর্য পূর্ব দিক থেকে পশ্চিম দিকে যেভাবে চলাচল করে, এই ফুলের মুখও সূর্যর দিকেই ঘোরে। এই প্রক্রিয়াকে হেলিওট্রোপিজম বলা হয়। এজন্যই এই ফুলের নাম দেওয়া হয়েছে সূর্যমুখী, যার মানে সূর্যর দিকে মুখ করা ফুল।

**সূর্যমুখী ফুল কখন চাষ করা হয়**

**বোনার সময় :** সূর্যমুখী সারা বছর চাষ করা যায়। তবে অগ্রহায়ণ মাসে চাষ করলে ভালো ফলন পাওয়া যায়। দেশের উত্তর ও পশ্চিম অঞ্চলে তাপমাত্রা ১৫ সেন্টিগ্রেড এর নীচে হলে ১০-১২ দিন পরে বীজ বপন করা উচিত। খরিফ-১ মরসুমে জৈষ্ঠ্য (এপ্রিলের মাঝামাঝি থেকে মে মাসের মাঝের সময়) মাসেও এর চাষ করা যায়।

**সূর্যমুখী ফুল কি বাড়িতে চাষ করা যায়**

হ্যাঁ, সূর্যমুখী ফুল বাড়িতে চাষ করা সম্ভব। এটি একটি সহজে চাষযোগ্য গাছ আর বাড়ির বাগানে বা পাত্রে লাগানো যেতে পারে। সূর্যমুখী গাছের জন্য পর্যাপ্ত রোদ, সঠিক মাটি আর নিয়মিত জল দেওয়া দরকার। বাড়িতে সূর্যমুখী চাষ করতে চাইলে, নিশ্চিত করুন, এই গাছ পর্যাপ্ত আলো পায় আর মাটির ড্রেনেজ ভালো।

**সূর্যমুখী ফুল দিয়ে কী তৈরি হয়**

সূর্যমুখী ফুল থেকে নানান ধরনের পণ্য তৈরি হয়। এরমধ্যে উল্লেখযোগ্য —

▲ **তেল:** সূর্যমুখীর বীজ থেকে সূর্যমুখী তেল উৎপাদন করা হয়, যা রান্নার কাজে ব্যবহৃত হয়।

▲ **বীজ :** সূর্যমুখীর বীজ খাওয়া যায় ও এটা স্বাস্থ্যকর স্ন্যাক্স হিসাবে জনপ্রিয়।

▲ **শিল্পকাজ:** সূর্যমুখীর আকার ও রঙের কারণে এটি বিভিন্ন শিল্পকাজ ও সাজসজ্জায় ব্যবহৃত হয়।

**সূর্যমুখী ফুল কখন ফোটে**

সূর্যমুখীর ফুল সাধারণত ৭০-১০০ দিনের মধ্যে ফোটে, যা চাষের সময়কাল আর আবহাওয়ার ওপর নির্ভর করে। সাধারণত এপ্রিল-মে মাসে লাগানো হলে জুলাই-আগস্ট মাসে ফুল ফোটার সম্ভাবনা থাকে।

## কীভাবে চাষ করতে হয়

সূর্যমুখী ফুলের চাষ করতে হলে কিছু বিশেষ ধাপ আর যত্নর দরকার হয়।

## চাষের নানা ধাপ

**জমি প্রস্তুত করা**

**জমি নির্বাচন:** সূর্যমুখী ফুলের জন্য উর্বর, দোআঁশ আর বেলে দোআঁশ মাটি ভালো। জল নিষ্কাশনের ভালো ব্যবস্থা থাকতে হবে।

**মাটির পিএইচ:** ৬.০ থেকে ৭.৫ এর মধ্যে পিএইচ যুক্ত মাটি ভালো।

**জমি চাষ:** জমি ভালোভাবে চাষ করে মাটির ঢেলা ভেঙে নিতে হবে। গভীর চাষ করার পরে জমি সমান করে নিন।

**বীজ বপন**

**বীজের মান:** উচ্চ মানের সার্টিফাইড বীজ ব্যবহার করুন।

**বপনের সময়:** ফেব্রুয়ারি থেকে মার্চ বা সেপ্টেম্বর-অক্টোবর (জমির ধরন ও জলবায়ুর ওপর নির্ভর করে) বীজ বপনের উপযুক্ত সময়।

**বীজ বপন পদ্ধতি:** লাইন বা ছিটিয়ে বপন করা যায়। লাইন থেকে লাইন দূরত্ব ২.৫ থেকে ৩ ফুট আর চারা থেকে চারা ১.৫ থেকে ২ ফুট রাখুন।

### বাড়িতেও চাষ করতে পারেন



**বীজের গভীরতা:** বীজ ১ থেকে ১.৫ ইঞ্চি গভীরে বপন করতে হবে।

**সেচ ব্যবস্থাপনা**

**প্রথম সেচ:** বীজ বপনের পরপরই প্রথম সেচ দিতে হবে।

**পরের সেচ:** ১৫-২০ দিন অন্তর অন্তর সেচ দিতে হবে, তবে ফুল আসার সময় সেচ অত্যন্ত গুরুত্বপূর্ণ।

**সার ব্যবস্থাপনা**

**জৈব সার:** বপনের আগে ৮-১০ টন গোবর সার বা কম্পোস্ট ব্যবহার করা যেতে পারে।

**রাসায়নিক সার:** প্রতি একর জমিতে ৪০ কেজি নাইট্রোজেন, ২০ কেজি ফসফরাস আর ২০ কেজি পটাশ সার দরকার। বীজ বপনের সময় এর অর্ধেক দিতে হবে আর বাকিটা চারার ৪-৬ পাতা হওয়ার পর।

**আগাছা নিয়ন্ত্রণ**

জমি আগাছামুক্ত রাখতে হবে। বপনের ২০-২৫ দিন পর প্রথম নিড়ানি আর ৪০-৪৫ দিন পর দ্বিতীয় নিড়ানি দিতে হবে।

**রোগ ও পোকামাকড় দমন**

**রোগ:** সূর্যমুখীতে পাতা ঝলসানো রোগ, ঢলে পড়া রোগ প্রভৃতি দেখা যায়। ম্যানকোজেব, কার্বেন্ডাজিম জাতীয় ছত্রাকনাশক ব্যবহার করা যেতে পারে।

**পোকামাকড়:** ফুল ও পাতাখেকো পোকা থেকে ফসল রক্ষা করতে কীটনাশক যেমন ইমিডাক্লোপ্রিড বা ডেল্টামেথ্রিন ব্যবহার করতে পারেন।

**ফসল সংগ্রহ**

**ফুল সংগ্রহ:** ফুল শুকিয়ে বাদামী রঙ ধারণ করলে তা সংগ্রহ করতে হবে।

**বীজ সংগ্রহ:** ফুল কাটার পরে, সব বীজ ভালোভাবে শুকিয়ে নিতে হবে। শুকানো বীজ জোগাড় করে সংরক্ষণ করতে হবে।

**সূর্যমুখী ফুল কেন চাষ করা হয়**

সাধারণ সূর্যমুখী হল ডেইজি পরিবার Asteraceae-এর বৃহৎ বার্ষিক পরবের একটি প্রজাতি। সাধারণ সূর্যমুখীর ভোজ্য তৈলাক্ত বীজের জন্য বাজারে চাহিদা রয়েছে। রান্নার তেল উৎপাদন করতে এদের ব্যবহার করা যায়। সেইসঙ্গে অন্যান্য ব্যবহারের জন্য যেমন গবাদি পশুর খাবার, পাখির খাবার আর নান্দনিকতার জন্য গার্হস্থ্য বাগানে রোপণ করা হয়।

**সূর্যমুখী ফুলের কাজ কী**

সূর্যমূখী এক ধরনের একবর্ষী ফুল গাছ। বিশ্বের বিভিন্ন দেশে এই ফুলের বাণিজ্যিক চাষ হয়। দৃষ্টিনন্দন ফুল হিসাবে সূর্যমুখী সকলের কাছে পরিচিত।

▲ ক্যানসার প্রতিরোধে সাহায্য করে।

▲ হাড়ের সমস্যা সমাধানে।

▲ শরীরের ব্যথা ও ক্ষয় রোগ দূর করে।

▲ রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায়।

▲ পুষ্টিগুণে ভরপুর ।

**সূর্যমুখী ফুলের বীজ কীভাবে খেতে হয়**

এই বীজ বেশিরভাগ ক্ষেত্রে গার্নিশ হিসাবে ব্যবহার করা হয়। খোসার বীজ বা ডিহুলড কার্নেল হিসাবে বিক্রি করা যেতে পারে বা অঙ্কুরিত করে স্যালাড হিসাবে খাওয়া হয়

**সঠিক পরিচর্যার দিকে নজর দিতে হবে**

সূর্যমুখী ফুলের চাষ এক লাভজনক ও পরিবেশবান্ধব কৃষিকাজ, যা সঠিক পরিচর্যা আর পর্যাপ্ত যত্নের মাধ্যমে সফলভাবে করা যায়। জমি নির্বাচন থেকে শুরু করে বীজ বপন, সেচ, সার প্রয়োগ আর পোকামাকড় নিয়ন্ত্রণ — প্রতিটি ধাপে সঠিক পদ্ধতি অনুসরণ করা দরকার। সঠিক সময়ে ফসল তুললে আর সঠিক উপায়ে সংরক্ষণ করলে উৎপাদন বাড়ানো যায়। সূর্যমুখী ফুলের বীজ তেল উৎপাদনের পাশাপাশি পশুখাদ্য আর বিভিন্ন কৃষি পণ্যের জন্যও ব্যবহৃত হয়, যা এই ফসলকে আরো মূল্যবান করে তুলছে।

# গরিবদের পুষ্টি বাড়াতে পোশন ধান চাষ আরো বাড়াতে হবে



**সমরেন্দ্রনাথ খাঁড়া**
**উদ্যানবিদ**

'পোশন ধান' বলতে কোনো নির্দিষ্ট ধানের প্রজাতি বা জাতকে বোঝায় না। এটি মূলত 'পুষ্টি সমৃদ্ধ ধান' বা 'সুপার ফুড রাইস', যা সাধারণ ধানের তুলনায় বেশি পুষ্টিগুণ সম্পন্ন।

এই ধরনের ধান সাধারণত ভিটামিন, খনিজ আর অ্যান্টিঅক্সিডেন্টে সমৃদ্ধ হয়, যা স্বাস্থ্যর জন্য উপকারী। এমন একধরনের উন্নত ধানের মাধ্যমে সাধারণ লোকের খাবারে দরকারি ভিটামিন ও খনিজ উপাদান যোগ করা হয়, যাতে অপুষ্টি প্রতিরোধ সম্ভব হয়। এটি ভারতের পুষ্টি আন্দোলনের এক অন্যতম হাতিয়ার। ভারতের খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে তৈরি।

দারিদ্র্যসীমার নীচে বাসকরা লোকদের অপুষ্টি দূর করতে পারে। ধানভিত্তিক খাদ্যাভ্যাসে আয়রন, জিঙ্ক, ভিটামিন বি, ভিটামিন এ, ভিটামিন ই মাইক্রোনিউট্রিয়েন্ট যোগ করে জৈব পুষ্টি-বর্ধিত ধান হিসেবে তৈরি। এই ধরনের ধান সাধারণত উচ্চ ফলনশীল রোগ প্রতিরোধী হয় , যা চাষিদের জন্য লাভজনক।

অন্যান্য দরকারি পুষ্টি উপাদান সাধারণ ধানের চেয়ে বেশি পরিমাণে থাকে। এই ধরনের ধান সাধারণত রোগ ও পোকামাকড়ের আক্রমণ প্রতিরোধে সক্ষম। এই ধান শরীরের জন্য দরকারি পুষ্টি সরবরাহ করে আর বিভিন্ন রোগ প্রতিরোধে সাহায্য করে।

অপুষ্টিতে ভোগা শিশু, মহিলা বা অত্যন্ত গরিব জনগোষ্ঠীর উপকারের জন্য তৈরি। উৎপাদন করেছেন ভারতীয় কৃষি গবেষণা সংস্থার সাহায্যে বিভিন্ন রাজ্য। মিড-ডে মিল, রেশন ব্যবস্থা, আই সি ডি এস-এর অঙ্গনওয়ারী কেন্দ্রে ব্যবহার করার উদ্দেশ্যে দেওয়া হবে বা হয়।

এটি ন্যাশনাল নিউট্রিশন মিশনের পোশন অভিযান (POSHAN Abhiyaan) অংশ হিসাবে চালু। CR Dhan ৩১৫ - আয়রন সমৃদ্ধ,DRR Dhan -৪৫ জিঙ্ক সমৃদ্ধ, BHU-1,BHU-3 মাল্টি মাইক্রোনিউট্রিয়েন্ট জাত বহুল চালু।

অপুষ্টি হ্রাসে কার্যকর। শিশুর মানসিক ও শারীরিক বিকাশে সহায়ক। প্রসেসিং বা রান্নার সময়েও পুষ্টি বজায় থাকে।

**তথ্য সূত্র: অন্তর্জাল।**

## উদ্যোগ

# বেসরকারিকরণ ঠেকাতে দেশজুড়ে আইডিবিআই ধর্মঘট

**নিজস্ব প্রতিনিধি:** আইডিবিআই ব্যাঙ্কের বেসরকারিকরণ তথা বিদেশি সংস্থা হাতে বিক্রি রুখতে সারাদেশে ১দিনের ধর্মঘটে শামিল হন ব্যাঙ্কের অফিসার ও কর্মচারীরা। ইউনাইটেড ফোরাম অফ আইডিবিআই অফিসার্স অ্যান্ড এমপ্লয়িজের ডাকে সোমবার, ১১ আগস্ট এই কর্মসূচি পালিত হয়। সংগঠনের দাবি, সরকারের ন্যূনতম ৫১% মালিকানা বজায় রাখা, নতুন কর্মী নিয়োগ আর অফিসারদের বদলি নীতি চালু করা জরুরি। নেতারা সতর্ক করেছেন, বেসরকারিকরণের ফলে কৃষি ঋণ, মুদ্রা ঋণ, ক্ষুদ্র ব্যবসায়ীদের সহায়তা ও শিক্ষাঋণ পরিষেবা বন্ধ হতে পারে। সংগঠনের তরফে আরো দাবি করা হয়েছে যেমন সরকার ও এলআইসি মিলে ন্যূনতম ৫১% মালিকানা ধরে রাখা আর ৫,০০০ কেরানি ও ২,০০০ নিম্নপদস্থ কর্মী নিয়োগ। আইডিবিআই ব্যাঙ্ক গত ৫ বছরে ধারাবাহিকভাবে লাভ করছে আর ২০২৪-২৫ আর্থিকবছরে নিট মুনাফা দাঁড়িয়েছে ৭,৫১৫ কোটি টাকা।

# ১ ও ২ টাকার কয়েন কোথায় তৈরি হয়

**নিজস্ব প্রতিনিধি:** টাঁকশাল বা মিন্ট এমন এক জায়গা যেখানে কয়েন তৈরি হয়। আমরা জানি দেশে ৪টি ব্যাঙ্ক নোট প্রিন্টের কারখানা রয়েছে। তেমনই রয়েছে ৪টি কয়েন তৈরির কারখানা বা টাঁকশালও। আর এই ৪টি টাঁকশালের মধ্যে কলকাতার টাঁকশাল সবচেয়ে পুরোনো। কলকাতার আলিপুরে এই টাঁকশাল প্রতিষ্ঠিত হয় পলাশির যুদ্ধর বছর অর্থাৎ, ১৭৫৭ সালে। দেশের ৪টি টাঁকশালে তৈরি কয়েনে তেমন কোনো উল্লেখযোগ্য নকশাগত কোনো বদল থাকে না। অর্থাৎ, প্রায় একই দেখতে হয় ৪টে টাঁকশালে তৈরি কয়েন। কিন্তু তার পরও একটা ছোট্ট চিহ্ন থাকে যা দেখে বোঝা যায় ওই কয়েন কোন টাঁকশালে তৈরি। দেশের ৪টি টাঁকশালে তৈরি কয়েনে ৪টি আলাদা আলাদা চিহ্ন থাকে। এইসব চিহ্ন দেখলেই বোঝা যায় যে ওই কয়েন কোন শহরে তৈরি হয়েছে। যেমন মুম্বইয়ের টাঁকশালে তৈরি কয়েনে ১টি বর্গাকার চিহ্ন থাকে। সেই একই কয়েন যদি তৈরি হয় নয়ডায়, তাহলে কয়েনে একটা গোল চিহ্ন থাকে। হায়দরাবাদে তৈরি কয়েনে থাকে তারকা চিহ্ন বা স্টার চিহ্ন। আর কলকাতার টাঁকশালে তৈরি কয়েনে এমন কোনো চিহ্ন থাকে না। বা অনেক ক্ষেত্রে ইংরিজি সি (c) লেখা থাকে।

# সুন্দরবনের পিছিয়ে পড়াদের শিক্ষা ও প্রশিক্ষণে নতুনের খোঁজে

**নিজস্ব প্রতিনিধি:** ২০২১ সালে ইয়াস বিধ্বস্ত সুন্দরবনের প্রান্তিক অঞ্চলে দাঁড়িয়ে, অসহায় লোকের দুঃখ, দুর্দশা ও অনিশ্চয়তার ছায়া দেখে জন্ম নেয় এক নতুন ভাবনার, এক নতুন প্রতিজ্ঞার। শিশুদের ভবিষ্যৎ শিক্ষা ও জীবন তৈরির জন্য কিছু করা দরকার — এই বিশ্বাস থেকেই সৃষ্টি হয় 'নতুনের খোঁজে' নামে স্বেচ্ছাসেবী সংস্থা। আর তার পরেই ২০২১ সালে ১ আগস্ট সুন্দরবনের রাঙাবেলিয়া ব্লকের অধীনে রানিপুর গ্রামে গুটিকয়েক ছাত্রছাত্রী নিয়ে গড়ে ওঠে প্রথম অবৈতনিক পাঠদান কেন্দ্র। সেই থেকে শুরু করে গত ৪ বছর ধরে নিষ্ঠা ও দায়িত্ব নিয়ে রাজ্যর বিভিন্ন প্রান্তিক জেলার সব পিছিয়ে পড়া এলাকায় এই সংস্থা কাজ করে চলেছে। সেসঙ্গে ঝাড়খণ্ডেও আমাদের কার্যক্রম সম্প্রসারিত হয়েছে। এখন সংস্থার অধীনে রয়েছে —

▲ ৯টি অবৈতনিক শিক্ষাদান কেন্দ্র।

▲ ৪টি গ্রামীণ সেলাই প্রশিক্ষণ কেন্দ্র (গ্রামীণ মহিলাদের আত্মনির্ভর করতে)

▲ ৪টি জায়গায় বিনামূল্যে হোমিওপ্যাথি চিকিৎসা পরিষেবা।

▲ ২ টি ফুটবল প্রশিক্ষণ শিবির।

▲ এছাড়াও সুন্দরবনের রানিপুর ও ঝাড়খণ্ডর লক্ষ্মীজলে শিশুদের জন্য ২টি স্থায়ী স্কুল ঘর।

এইসব উদ্যোগ একটাই লক্ষ্যকে সামনে রেখে পরিচালিত — সমাজের পিছিয়ে পড়া মানুষের পাশে থেকে তাদের শিক্ষা, স্বাস্থ্য ও জীবিকায় সাহায্য করা।

এ বছর, ১আগস্ট 'নতুনের খোঁজে'র পঞ্চম বার্ষিকী প্রতিষ্ঠা দিবসকে স্মরণীয় করে রাখার জন্য একাধিক কর্মসূচির পরিকল্পনা নেওয়া হয়েছে। বিশেষত ঝাড়খণ্ডর পাঠদান কেন্দ্রে ছাত্রছাত্রীদের জন্য অনলাইন পড়ালেখার সুবিধার জন্য সংগঠনের সদস্য রজতদের আর্থিক সহযোগিতায় ১ টি কম্পিউটার দেওয়া হবে। একইসঙ্গে পরিবেশ রক্ষায় অঙ্গীকারবদ্ধ হয়ে ওই অঞ্চলে বৃক্ষরোপণ কর্মসূচিও নেওয়া হয়েছে।

'নতুনের খোঁজে' সারা বছর ধরে নানা সমাজসেবামূলক কর্মকাণ্ডর সঙ্গে জড়িত থাকে। তার এক উজ্জ্বল দৃষ্টান্ত — সুন্দরবনের রানিপুর অঞ্চলে সাধারণ লোকের দীর্ঘদিনের পানীয় জলের সমস্যার সমাধানে ১টি সাবমারসিবল পাম্প বসানো হয়েছে সংস্থার উদ্যোগে। এতে এলাকার বাসিন্দারা পরিশ্রুত পানীয় জলের সুবিধা পেয়েছেন।

প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে প্রতিটি শিক্ষা কেন্দ্রর ছাত্রছাত্রীরা নিজেদের শিক্ষাকেন্দ্রে কেক কেটে নিজেদের মধ্যে আনন্দ ভাগ করে নেয়।

'নতুনের খোঁজে' শুধুমাত্র এক স্বেচ্ছাসেবী সংগঠন নয় — এটি একটি অঙ্গীকার, একটি মানবিক দায়িত্ববোধ, যা আগামী দিনেও অটুট থাকবে সমাজের সবস্তরের লোকদের পাশে দাঁড়াতে।

# ভারতের দ্বিতীয় উচ্চতম পেঁপে গাছ ক্যানিংয়ের ডাবুতে



**নিজস্ব প্রতিনিধি :** ৩২ শাখার তালগাছ রয়েছে বাসন্তীর ভরতগড়ের উত্তর গরাণবোস গ্রামে। এছাড়াও ৪ শাখার খেজুর গাছ ছিল ক্যানিংয়ের বঙ্কিম সরদার কলেজের লাগোয়া ট্যাংরাখালি বাজার এলাকায়। রয়েছে ৩ শাখার নারকেল গাছও। এবার ক্যানিংয়ের নিকারীঘাটা পঞ্চায়েতের ডাবুতে দেখা গেল ২২ শাখার প্রায় ৩৫ ফুট লম্বা পেঁপে গাছ। যা দেশের মধ্যে দ্বিতীয় সবচেয়ে উঁচু গাছ। ২০২১ সালে ব্রাজিলে ৪৭ ফুট ৮.৮৩ ইঞ্চি পেঁপে গাছের খোঁজ পাওয়া যায়। যা পৃথিবীর মধ্যে সবচেয়ে উঁচু পেঁপে গাছ। পৃথিবীর মধ্যে দ্বিতীয় তথা দেশের মধ্যে সবচেয়ে বড়ো পেঁপে গাছ রয়েছে তামিলনাড়ুর মাদুরাই'তে। এটি ৪৭ ফুট লম্বা। ক্যানিংয়ের নিকারীঘাটা পঞ্চায়েতের ডাবু গ্রামের এই পেঁপে গাছটি সারা বিশ্বের মধ্যে সম্ভবত তৃতীয় আর দেশের মধ্যে দ্বিতীয় বৃহত্তম পেঁপে গাছ। এই গাছ ৩৫ ফুট লম্বা আর এর২২ টি শাখা রয়েছে। গাছের মালিক মধুসূদন মাইতি। কীভাবে এত বড়ো পেঁপে গাছ তৈরি করা সম্ভব হল? এমন প্রশ্নের উত্তরে মধুসূদন মাইতির স্ত্রী শ্রাবন্তী মাইতি জানান, 'চারাগাছ তৈরি করে রোপণ করা হয়েছিল। প্রচুর ফলন হয়। তাছাড়া অত্যন্ত মিষ্টি ও সুস্বাদু। কোনোরকম পরিচর্যা ছাড়াই পেঁপে গাছটি নিজের মতোই বড়ো হচ্ছে। অথচ বাগানে দ্বিতীয় আরেকটি এমন পেঁপে গাছ হয়নি। এটি বিরল।' গ্রামেরই বাসিন্দা বছর ৮০ বছর বয়সের বিমলকুমার বসু জানান, 'এই গাছ দীর্ঘ প্রায় ৭-৮বছর দেখছি। লম্বা পেঁপে হয়। প্রচুর ফলন,মিষ্টি আর সুস্বাদু। তাছাড়া আশ্চর্যর বিষয় এই পেঁপে গাছে ২২ টি শাখা রয়েছে। প্রতিটি শাখাতে ফল হয়। ৩৫ ফুট লম্বা। এমন পেঁপে গাছ আর কোথাও আছে বলে মনে হয় না।'


**JAGADIS BOSE NATIONAL SCIENCE TALENT SEARCH**
1300, Rajdanga Main Road, Kolkata-700107, Tel.: 033-24428270

**N.I.T no. JBNSTS/2-1/2025-26/17 dated 13.08.2025**

E-Tenders are invited by the Director on behalf of JAGADIS BOSE NATIONAL SCIENCE TALENT SEARCH, Kolkata from reliable & resourceful contractors/ agencies/ firms for Refurbishing and Renovation Work of conference Room at its office at 1300, Rajdanga Main Road, Kolkata – 700107.
For details, please visit our website **www.jbnsts.ac.in** and **https://wbtenders.gov.in.**
Tenders submission end date: **August 20, 2025 up to 5 PM**



**গ্রীনক্রেস্ট ফিনান্সিয়াল সার্ভিসেস লিমিটেড**
রেজিস্টার্ড অফিস : ৮ গণেশ চন্দ্র অ্যাভেনিউ, প্রথম তল, কলকাতা - ৭০০ ০১৩
CIN : L65921WB1993PLC057785 ই-মেল : greencrestfin@gmail.com,
ওয়েবসাইট : www.greencrestfin.com
৩০ জুন ২০২৫ তারিখে ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলের বিবরণ
(লাখ টাকায়)

| ক্র. নং | বিবরণ | সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৬.২০২৫ অনিরীক্ষিত | সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৬.২০২৪ অনিরীক্ষিত | সমাপ্ত বছর ৩১.০৩.২০২৫ নিরীক্ষিত |
|---|---|---|---|---|
| ১. | কাজের থেকে মোট আয় (প্রকৃত) | ৫৩৮.৫৫ | ২১৪৬.৫৩ | ৭১৭৭.৮২ |
| ২. | এই পর্ব থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) (করের, ব্যতিক্রমী এবং /অথবা অতিরিক্ত দফার আগে) | ১২৪.৪০ | ৩৫৮.৯৪ | ১৯৯.১৯ |
| ৩. | করের আগে এই পর্ব থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) (ব্যতিক্রমী এবং / অথবা অতিরিক্ত দফার পর) | ১২৪.৪০ | ৩৫৮.৯৪ | ১৭৭.৫৯ |
| ৪. | করের পর এই পর্ব থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) (ব্যতিক্রমী এবং / অথবা অতিরিক্ত দফার পর) | ৯৩.০৯ | ২৭৬.৮২ | ১২১.৯৩ |
| ৫. | এই পর্বের মোট বিস্তৃত আয় [(করের পর) এই পর্ব থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) ও অন্যান্য বিস্তৃত আয় (করের পর)] | ৯৩.০৯ | ২৭৬.৮২ | ১২১.৯৩ |
| ৬. | আদায় প্রদত্ত ইক্যুটি শেয়ার মূলধন | ৩৬৫৫.০৮ | ৩৬৫৫.০৮ | ৩৬৫৫.০৮ |
| | প্রারম্ভিক মূল্য (টাকায়) | ১.০০ | ১.০০ | ১.০০ |
| ৭. | অন্যান্য ইক্যুইটি | | | ১৮৫৭.৩২ |
| ৮. | শেয়ার প্রতি আয় (অতিরিক্ত দফার আগে) চালু ও বন্ধ হয়ে যাওয়া কার্যকলাপের জন্য | | | |
| ক. | অ. মূল | ০.০৩ | ০.০৮ | ০.০৩ |
| | আ. লঘুকৃত | ০.০৩ | ০.০৮ | ০.০৩ |

দ্রষ্টব্য :
১. সেবি এলওডিআর রেগুলেশনস, ২০১৫এর ৩৩নং ধারা অনুযায়ী ওপরের বিবরণীটি যা কোম্পানীর ৩০ জুন ২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের আর্থিক ফলাফলের একমেবাদ্বিতীয়ম অনিরীক্ষিত বিস্তারিত বিবরণ হিসাবে দেখানো হল ও স্টক এক্সচেঞ্জ / গুলিতে নথিভুক্ত করা হল। ৩০.০৬.২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিস্তারিত বিবরণ পাওয়া যাবে কোম্পানীর ওয়েবসাইট "www.greencrestfin.com" ও স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট www.bseindia.com-এ।

গ্রীনক্রেস্ট ফিনান্সিয়াল সার্ভিসেস লিমিটেড-এর পক্ষে
স্বাঃ/-
সুশীল পারেখ
ম্যানেজিং ডিরেক্টর
স্থান : কলকাতা
তারিখ : ১২ আগস্ট, ২০২৫



**স্টেবল ট্রেডিং কোম্পানি লিমিটেড**
CIN : L27204WB1979PLC032215
রেজিস্টার্ড অফিস : ২/৫, শরৎ বোস রোড, ফ্ল্যাট নং- ৮এ, অষ্টম তল, কলকাতা-৭০০০২০
ওয়েবসাইট : www.stabletrading.in, ইমেল : secretarial@strabletrading.in
৩০ জুন, ২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফল
(ইপিএস ব্যতীত লাখ টাকায়)

| বিবরণ | সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৬.২০২৫ (অনিরীক্ষিত) | সমাপ্ত ত্রৈমাসিক ৩১.০৩.২০২৫ (নিরীক্ষিত) | সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৬.২০২৪ (অনিরীক্ষিত) | সমাপ্ত বছর ৩১.০৩.২০২৫ (নিরীক্ষিত) |
|---|---|---|---|---|
| কাজের থেকে মোট আয় | ৪০.৬৭ | ৩০.১৪ | ৫৩.২০ | ২৪৭০.০৯ |
| এই পর্বের প্রকৃত লাভ (কর, ব্যতিক্রমী দফা ও / অথবা অতিরিক্ত দফার আগে) | (৩.০৯) | ৩৭.৯৫ | (৪৩.২৪) | ২৩৭০.৩০ |
| করের আগে এই পর্ব থেকে প্রকৃত লাভ / ক্ষতি (ব্যতিক্রমী দফা ও অতিরিক্ত দফার পরে) | (৩.০৯) | ৩৭.৯৫ | (৪৩.২৪) | ২৩৭০.৩০ |
| করের পর এই পর্ব থেকে প্রকৃত লাভ / ক্ষতি (ব্যতিক্রমী দফা ও অতিরিক্ত দফার পর) | (৩.০৯) | (৫৫৯.০২) | (৪৩.২৪) | ১৭৮১.১০ |
| এই পর্বের মোট কমপ্রিহেনসিভ আয় [(এই পর্বের লাভ / (ক্ষতি) (করের পর ও অন্যান্য কমপ্রিহেনসিভ আয় (করের পর) সহ)] | ১১৩৪৬.৩৬ | ১৫৫৭৬.৯৮ | (৩৭৫৩৩.৩১) | (৩১৬৯.৯৯) |
| আদায়দত্ত ইক্যুটি শেয়ার মূলধন (প্রারম্ভিক মূল্য ১০টাকা করে) | ২২২.৩৫ | ২২২.৩৫ | ২২২.৩৫ | ২২২.৩৫ |
| সংরক্ষণ পুনর্মূল্যায়ণ সংরক্ষণ বত্যীত | - | - | - | ১৬৭৯৫৩.৩৫ |
| শেয়ার প্রতি আয় (ইপিএস) (প্রতিটি ১০টাকা করে) নেট লাভের ওপর (বার্ষিকভাবে নয়) - মূল ও লঘুকৃত | (০.১৪) | (২৫.১৪) | (১.৯৪) | ৮০.১০ |

দ্রষ্টব্য :
১) কোম্পানীজ অ্যাক্ট ২০১৩-এর ১৩৩নং ধারা সহ সংশ্লিষ্ট অন্যান্য ধারা অনুযায়ী কোম্পানীর আর্থিক ফলাফলটি দ্য ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্স ("আইএনডি এএস") -এর সঙ্গে সামঞ্জস্য রেখে তৈরি করা হয়েছে।
২) সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস ২০১৫এর ৩৩নং ধারা অনুযায়ী ওপরের বিবরণীটি, কোম্পানীর বিস্তারিত ত্রৈমাসিকের আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ হিসাবে দেখানো হল ও স্টক এক্সচেঞ্জে নথিভুক্ত করা হল। কোম্পানীর বিস্তারিত ত্রৈমাসিকের / বছরের আর্থিক ফলাফল পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে : www.cse-india.com ও কোম্পানীর ওয়েবসাইটে www.stabletrading.in।

স্টেবল ট্রেডিং কোম্পানি লিমিটেড-এর পক্ষে
স্বা/-
আনন্দ গর্গ
ডিরেক্টর
DIN : 07256063
স্থান : গুরুগ্রাম
তারিখ : ১২.০৮.২০২৫



**ডিদেব প্লাস্টিকস ইন্ডাস্ট্রিজ লিমিটেড**
DDEV PLASTIKS
CIN : L24290WB2020PLC241791
রেজিস্টার্ড অফিস : ২বি, প্রিটোরিয়া স্ট্রীট, কলকাতা - ৭০০০৭১
ফোন : ৯১-০৩৩-২২৮২ ৩৭৪৪ / ৩৭৪৫/ ৩৬৯৯ / ৩৬৭১
ই-মেল : kolkata@ddevgroup.in, ওয়েবসাইট : www.ddevgroup.in
৩০ জুন, ২০২৫ তারিখে সমাপ্ত প্রথম ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ
লাখ টাকায় (শেয়ার প্রতি ডেটা বাদে)

| ক্র. নং | বিবরণ | একমেবাদ্বিতীয়াম সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৬.২০২৫ (অনিরীক্ষিত) | সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৬.২০২৪ (অনিরীক্ষিত) | সমাপ্ত বছর ৩১.০৩.২০২৫ (নিরীক্ষিত) |
|---|---|---|---|---|
| ১. | কাজের থেকে মোট আয় | ৭৬৯২১.৫৫ | ৬২৫৪৩.২৯ | ২৬০৩৩২.৩৭ |
| ২. | এই পর্ব থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) (কর, ব্যতিক্রমী এবং / অথবা অতিরিক্ত দফার আগে) | ৬৯৭৫.১৭ | ৫৬৮৩.০২ | ২৫০৬৪.৩০ |
| ৩. | করের আগে এই পর্ব থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) (ব্যতিক্রমী এবং / অথবা অতিরিক্ত দফার পর) | ৬৯৭৫.১৭ | ৫৬৮৩.০২ | ২৫০৬৪.৩০ |
| ৪. | করের পর এই পর্ব থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) (ব্যতিক্রমী এবং / অথবা অতিরিক্ত দফার পর) | ৫২১৫.০৮ | ৪২৪৫.০৪ | ১৮৫৪৯.৬৯ |
| ৫. | এই পর্বের জন্য মোট বিস্তৃত আয় (এই পর্ব থেকে বিস্তৃত আয় / (ক্ষতি) (করের পর) ও অন্যান্য বিস্তৃত আয় (করের পর)) | ৫২১৫.০৮ | ৪২৪৫.০৪ | ১৮৫১৮.৪৯ |
| ৬. | সহযোগী / সংযুক্ত সংস্থার করের পর প্রকৃত লাভ ও লাভের শেয়ার | ৫২১৫.০৮ | ৪২৪৫.০৪ | ১৮৫৪৯.৬৯ |
| ৭. | ইক্যুটি শেয়ার মূলধন | ১০৩৪.৭৭ | ১০৩৪.৭৭ | ১০৩৪.৭৭ |
| ৮. | বিগত বছরের নিরীক্ষিত ব্যালান্সশীট অনুযায়ী সংরক্ষণ (পুনর্মূল্যায়ণ সংরক্ষণ ব্যতীত) | | | ৮২৪৩৫.৮২ |
| ৯. | শেয়ার প্রতি আয় (প্রতিটি ১টাকা করে) (চালু ও বন্ধ হয়ে যাওয়া কার্যকলাপের জন্য) | | | |
| | মূল : | ৫.০৪ | ৪.১০ | ১৭.৯৩ |
| | লঘুকৃত: | ৫.০৪ | ৪.১০ | ১৭.৯৩ |

দ্রষ্টব্য :
(১) সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্ট) রেগুলেশনস ২০১৫এর ৩৩নং ধারা অনুযায়ী ওপরের বিবরণীটি কোম্পানীর ৩০.০৬.২০২৫ তারিখে সমাপ্ত প্রথম ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ হিসাবে দেখানো হল ও স্টক এক্সচেঞ্জে নথিভুক্ত করা হল। ৩০.০৬.২০২৫ তারিখে সমাপ্ত প্রথম ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফল পাওয়া যাবে বিএসই লিমিটেড-এর ওয়েবসাইট www.bseindia.com, ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড-এর ওয়েবসাইট www.nseindia.com ও কোম্পানীর ওয়েবসাইট www.ddevgroup.in-এ।
(২) উপরোক্ত ৩০.০৬.২০২৫ তারিখে সমাপ্ত প্রথম ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলটি ১১.০৮.২০২৫ তারিখে অনুষ্ঠিত বৈঠকে কোম্পানীর নিরীক্ষকগণ দ্বারা নিরীক্ষিত হয়েছে ও কোম্পানীর পরিচালকবর্গের দ্বারা অনুমোদিত হয়েছে। সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্ট) রেগুলেশনস ২০১৫এর ৩৩নং ধারা অনুযায়ী উপরোক্ত আর্থিক ফলাফলটির একটি লিমিটেড রিভিউ সংবিধিবদ্ধ নিরীক্ষকরা সম্পন্ন করেছেন।
(৩) কোম্পানিটি প্রাথমিকভাবে পলিমারের বিভিন্ন ধরনের দানা নিয়ে কাজ করে, যা যথারীতি সিঙ্গল রিপোর্টিং সেগমেন্ট হিসাবে গড়ে উঠেছে। 'ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ড ১০৮ অপারেটিং সেগমেন্ট' অনুযায়ী কোম্পানিটি সিঙ্গল সেগমেন্ট কোম্পানি।

ডিদেব প্লাস্টিকস ইন্ডাস্ট্রিজ লিমিটেড-এর পক্ষে
স্বাঃ/-
নারিন্দ্র সুরানা
(DIN : 00060127)
চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর
স্থান : কলকাতা
তারিখ : ১১.০৮.২০২৫

দ্রষ্টব্য : উপরোক্ত প্রকাশনাটি ১২.০৮.২০২৫ তারিখে করা হয়েছিল, তবে ক্রম নং ৬ এর তথ্যতে একটি অসাবধানতা বশত টাইপিং ত্রুটি ছিল। অনুগ্রহ করে উপরোক্তটি সংশোধিত ও চূড়ান্ত বলে বিবেচনা করুন।



**GANODAYA FINLEASE LTD.**
Regd Office: A-402, Mangalam, 24/26 Hemanta Basu Sarani, Kolkata- 700 001
CIN: L51226WB1986PLC040287, Tel No.(033) 22436243, Email: ganodayafinlease@gmail.com

EXTRACT OF CONSOLIDATED UNAUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED JUNE , 30 ,2025
₹ in Lakhs

| Sr. No. | Particulars | Three Months Ended June, 30, 2025 Uaudited | March, 31, 2025 Audited | June, 30, 2024 Unaudited | Year Ended March, 31, 2025 Audited |
|---|---|---|---|---|---|
| 1 | Total Income from operations (Net) | 280.89 | (115.60) | 221.89 | 244.82 |
| 2 | Profit (+) / Loss(-) (before tax , Exceptional and extra ordinary items | 262.67 | (185.84) | 201.98 | 48.62 |
| 3 | Net Profit (+) / Loss(-) for the period after Tax, (after Exceptional and Extraordinary Items) | 218.22 | (300.85) | 381.86 | 182.21 |
| 4 | Total Comprehensive Income for the period | 199.98 | (542.86) | 407.11 | 125.01 |
| 5 | Equity share capital | 650.00 | 650.00 | 650.00 | 650.00 |
| 6 | Basic & Diluted EPS(Rs.) | 3.36 | (4.63) | 5.87 | 2.80 |

Notes:- 1. Additional information on Standalone Financial Results:

| Sr. No. | Particulars | Three Months Ended June, 30, 2025 Uaudited | March, 31, 2025 Audited | June, 30, 2024 Unaudited | Year Ended March, 31, 2025 Audited |
|---|---|---|---|---|---|
| 1 | Total Income from operations (Net) | 280.89 | (115.60) | 221.89 | 244.82 |
| 2 | Profit (+) / Loss(-) (before tax, Exceptional and extra ordinary items | 262.67 | (185.84) | 201.98 | 48.62 |
| 3 | Net Profit (+) / Loss(-) for the period after Tax, (after Exceptional and Extraordinary Items) | 218.12 | (300.64) | 381.77 | 182.22 |
| 4 | Total Comprehensive Income for the period | 218.12 | (301.15) | 381.77 | 181.71 |

Notes: 1. The above results have been reviewed by the Audit Committee and subsequently approved by the Board of Directors at their meeting held on Tuesday, 12th August , 2025 and have also been subjected to "Limited Review" by the Statutory Auditors. 2. In accordance with the Regulation 33 of the SEBI (LODR) Regulations 2015, the Statutory Auditors of the Company have carried out Limited Review of the Results for the quarter ended June 30, 2025 only. 3. The Company does have not more than one reportable segment. Accordingly, segment information is not required to be provided. 4.The figures for the quarter ended 31.03.2025 are the balancing figures between audited figures in respect of full financial year and the unaudited published year to date figures for the nine months ended December 31st 2024.

For and on behalf of the Board
Sudha Agarwalla
Managing Director
DIN: 00938365
Place: Kolkata
Dated: 12.08.2025

